

CC - 11(semester 5)

Evaluation and Measurement in  
Education

Unit - 3 (Tools and Techniques of  
Evaluation)

\* Testing tools :

1.Educational : Objective type

## অতিসংক্ষিপ্ত বা নৈর্ব্যক্তিক অভীক্ষা (Objective type test) :

রচনাত্মক পরীক্ষা ব্যবস্থার ঠ্রটি সকলেই স্বীকার করেছেন। এই ঠ্রটিকে লক্ষ্য রেখে গুরুত্বপূর্ণ সংস্কারটি হল নৈর্ব্যক্তিক পরীক্ষার সূচনা। নৈর্ব্যক্তিক পরীক্ষায় এমনভাবে প্রশ্ন প্রস্তুত করা হয় যেখানে শিক্ষক এবং শিক্ষার্থীর ব্যক্তিগত প্রভাবের কোনো অবকাশ থাকে না। নৈর্ব্যক্তিক প্রশ্নগুলি যদি বিভিন্ন ব্যক্তি মূল্যায়ন করেন সেখানে মূল্যমান একই হবে। এখানে নম্বর\_দানের পার্থক্যের সুযোগ থাকে না।

নৈর্ব্যক্তিক অভীক্ষার সংজ্ঞায় বলা যায় যে -

\* কোনো অভীক্ষার নৈর্ব্যক্তিকতা হল বিভিন্ন অভীক্ষকগন প্রদত্ত মূল্যমানের মধ্যে সমতা।

\* নৈর্ব্যক্তিক অভীক্ষা সুগঠিত প্রশ্নের সমন্বয়। এখানে উত্তরের জন্য শিক্ষার্থীকে একটি বা দুটি শব্দ সরবরাহ করতে হয় বা বিকল্প উত্তর থেকে সঠিক উত্তরটি নির্দিষ্ট করতে হয়।

### **নৈর্ব্যক্তিক অভীক্ষার সুবিধা :**

1. নৈর্ব্যক্তিক অভীক্ষার প্রধান সুবিধা হচ্ছে এর নৈর্ব্যক্তিকতা, নির্ভরযোগ্যতা। উত্তরপত্রের মূল্যায়নে পরীক্ষকের ব্যক্তিগত খেয়ালখুশি, ভালো লাগা, মন্দ লাগা প্রভৃতির সুযোগ এখানে নেই।
2. এই অভীক্ষায় শিক্ষার্থীর প্রতিক্রিয়া নিয়ন্ত্রণ করা যায়। মিথ্যা তথ্য সরবরাহ নিয়ন্ত্রণ করা সম্ভব।
3. প্রশ্নের উত্তর সাধারণত সংক্ষিপ্ত হবার ফলে সমগ্র পাঠ্যবিষয়ের উপর প্রশ্ন তৈরি করা যায়।



4. সমগ্র পাঠ্যবিষয়ের ওপর প্রশ্ন প্রস্তুত করার ফলে বিষয়বস্তুকে সম্পূর্ণ ভাবে জানতে শিক্ষার্থীকে অনুপ্রাণিত করে।

5. মূল্যমান বা নম্বরদান অপেক্ষাকৃত সহজ ও দ্রুত হয়। অনেক সময় যন্ত্রের সাহায্যে নম্বর দেওয়া হয়। ফলে সময় ও পরিশ্রমের সাশ্রয় হয়।

6. প্রশ্ন সংখ্যা বেশি হবার ফলে নির্ভরযোগ্যতা বৃদ্ধি পায়।

### **নৈর্ব্যক্তিক অভীক্ষার অসুবিধা :**

1. বিষয়বস্তুর জ্ঞান আংশিক ভাবে পরিমাপ করে। বিষয়বস্তু সম্পর্কিত ধারণার বিন্যাস ও চয়নের ক্ষমতা, লেখার দক্ষতা, প্রকাশভঙ্গি এবং অন্যান্য ধরনের সমস্যা সমাধানের ক্ষমতা পরিমাপ করতে পারে না।

2. একটি অভীক্ষার জন্য অপেক্ষাকৃত অনেক প্রশ্নের প্রয়োজন হয়। প্রশ্নের রচনা পরিশ্রমসাধ্য ও সময়সাপেক্ষ।

3. প্রশ্নপত্র রচনায় প্রশিক্ষণ ও অভিজ্ঞতার প্রয়োজন।

4. এই জাতীয় পরীক্ষায় প্রশ্নের উত্তর অনেক সময় অনুমানভিত্তিক হয়। দশটি হ্যাঁ, না জাতীয় উত্তর যুক্ত প্রশ্ন থাকলে শিক্ষার্থীর বিষয় সম্পর্কিত কোনো জ্ঞান না থাকলেও সম্ভবনার নিয়মানুযায়ী 4/5 টি প্রশ্নের উত্তর সঠিক হবে।

5. আংশিক উত্তরের জন্য নম্বর দেওয়া হয় না।

6. এই ধরনের অভীক্ষায় সহজ ও স্পষ্ট নির্দেশিকার প্রয়োজন না হলে অভীক্ষার্থীর মধ্যে বিভ্রান্তি দেখা দিতে পারে।

7. প্রশ্নের উত্তর নকল করার সুযোগ এক্ষেত্রে অধিক।